দৈনিক বাংলা

তারিখ ১১।২।৮১
পৃষ্ঠা ... কলাম ...

462

075

# স্নাতকোত্তর চূড়ান্ত পরীক্ষার কি হবে?

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন্ন মাস্টার ডিগ্রী ফাইনাল পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবার ব্যাপারে পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের মধ্যে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। পরীক্ষা শুরু হতে আর মাত্র ১৮ দিন বাকী।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির ধর্মঘটের জন্য বিশ্ববিদ্যালয় লাইব্রেরী এবং প্রশাসনিক ভবনের কাজ-কর্ম গত ৩৭ দিন ধরে সম্পূর্ণ বন্ধ রয়েছে। বিভাগীয় সেমিনারে অল্পসংখ্যক বই থাকাতে শুধু সেমিনারের উপর নির্ভর করে পরীক্ষার্থিগণ পড়ালেখা করতে পারছেন না।

তবে পরীক্ষা পিছানোর ব্যাপারে

## পরীক্ষার কি হবে

(১ম পৃঃ পর)

ভাইস চ্যান্সেলর এবং কন্ট্রোলারের পক্ষ থেকে এখন পর্যন্ত কিছুই জানানো হয়নি।